

# সমকাল

ঢাবিতে 'কালো দিবস' পালিত

## অগণতান্ত্রিক সরকারের ব্যর্থতায় ২৩ আগস্টে নির্যাতন: উপাচার্য

২৩ আগস্ট ২০১৯ | Updated ২৩ আগস্ট ২০১৯

---

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

---



আলোচনা সভায় বক্তব্য দেন ঢাবি উপাচার্য অধ্যাপক মো. আখতারুজ্জামান— সমকাল

অগণতান্ত্রিক সরকারের ব্যর্থতা ও ভুল সিদ্ধান্তের কারণেই ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) ২০০৭ সালের ২৩ আগস্ট অনাকাঙ্ক্ষিত নির্যাতনের ঘটনা ঘটেছিল বলে মন্তব্য করেছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মো. আখতারুজ্জামান।

ঢাবির 'কালো দিবস' উপলক্ষে শুক্রবার দুপুরে টিএসসি মিলনায়তনে আলোচনা সভায় সভাপতির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন।

বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামানের সঞ্চালনায় সভায় ঢাবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক এএসএম মাকসুদ কামাল, সাধারণ সম্পাদক অধ্যাপক শিবলী রুবায়েয়াতুল ইসলাম, ঢাবি মুক্তিযোদ্ধা কমান্ড ইউনিটের পক্ষে অধ্যাপক আবু জাফর মোহাম্মদ সালেহু, অফিসার্স অ্যাসোসিয়েশনের সভাপতি আমিরুল ইসলাম, ডাকসুর ভিপি মো. নূরুল হক, ২৩ আগস্টে নির্যাতিত ছাত্র জাহিদুল ইসলাম বিপ্লব, কর্মচারী সমিতির সভাপতি সরোয়ার মোর্শেদ, কারিগরি কর্মচারী সমিতির সভাপতি মোশাররফ হোসেন এবং চতুর্থ শ্রেণি কর্মচারী